ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-২৮৩১
আগরতলা, ১২ সেপ্টেম্বর, ২০২৫

## ২০ সেপ্টেম্বর গন্ডাতুইসায় মেগা আইনী পরিষেবা শিবির

ধলাই জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষের উদ্যোগে আগামী ২০ সেপ্টেম্বর, গন্ডাতুইসা মহকুমার টিসিএ'র খেলার মাঠে এক মেগা আইনী পরিষেবা শিবিরের আয়োজন করা হয়েছে। এই শিবিরের মাধ্যমে জনগণকে বিভিন্ন আইনী পরিষেবা প্রদানের পাশাপাশি রাজ্য সরকারের বিভিন্ন দপ্তরের জনকল্যাণমূলক প্রকল্পের সুবিধাও প্রদান করা হবে। এই শিবিরে উপস্থিত থেকে আইনী পরিষেবার পাশাপাশি বিভিন্ন সুযোগ সুবিধা গ্রহণের জন্য সংশ্লিষ্ট এলাকাবাসীর প্রতি ধলাই জেলা আইনী পরিষেবা কর্তৃপক্ষ অনুরোধ জানিয়েছেন।

******